



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রজেক্ট প্ল্যানিং, ডিজাইন ও নেটওয়ার্কিং উপশাখা
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd



স্মারক নম্বর: ২৮.১১.০০০০.০২১.৩৬.০০৪.২১.১৭৪

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০

২৮ নভেম্বর ২০২৩

বিষয়: মেসার্স তানবীর এন্টারপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নং-৪৩০)-কে কালো তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

কুমিল্লাস্থ দাউদকান্দি উপজেলার ঝিৎলাতলী এলাকায় গ্যাস আইন-২০১০ অনুযায়ী গত ৩১/০৫/২০২১ তারিখে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। ভ্রাম্যমান আদালতের উপস্থিতিতে অনুমোদনবিহীনভাবে স্থাপিত অবৈধ গ্যাস পাইপলাইন উচ্ছেদ করা হয়। উক্ত এলাকায় গত ১৪/১০/২০২০ তারিখেও ভ্রাম্যমান আদালতের মাধ্যমে অভিযান পরিচালনা হয়েছিল। কিন্তু আইন-কানূনের তোয়াক্কা না করে কতিপয় ব্যক্তি উক্ত অবৈধ পাইপলাইনটি পুনরায় স্থাপন করে। উল্লিখিত স্থান পরিদর্শন ও অবৈধ গ্যাস সংযোগ গ্রহণকারী ব্যক্তিদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক এবং ইস্যুকৃত বিলসমূহ যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষাক্রমে বর্ণিত অবৈধ গ্যাস পাইপলাইন স্থাপনের সাথে জড়িত ব্যক্তি সনাক্তকরণ ও তাঁর/তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে মতামত/সুপারিশ প্রদানের নিমিত্ত ০১ (এক)টি তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটি বর্ণিত অবৈধ গ্যাস পাইপলাইন স্থাপনের সাথে আপনার ও আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তানবীর এন্টারপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নম্বর: ৪৩০)-এর জড়িত থাকার বিষয়ে সাক্ষ্য প্রমাণ পায়।

আপনার এহেন কার্যকলাপ কোম্পানীর স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে- যা আপনার সাথে কোম্পানীর সম্পাদিত চুক্তির/ তালিকাভুক্তির তফসিলের সংশ্লিষ্ট ধারা লংঘন করার অপরাধের সামিল। তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী আপনার বিরুদ্ধে সরাসরি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পরিবর্তে আত্মপক্ষ সমর্থনের লক্ষ্যে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে গত ২২/০৮/২০২৩ ইং তারিখে প্রেরিত আপনার লিখিত জবাব বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয়। কিন্তু আপনার লিখিত জবাব কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি।

এমতাবস্থায় বিজিডিসিএল-এর সাথে আপনার সম্পাদিত চুক্তির/তালিকাভুক্তি তফসিলের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বিজিডিসিএল-এ তালিকাভুক্ত আপনার মালিকানাধীন ১.১ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান “মেসার্স তানবীর এন্টারপ্রাইজ (তালিকাভুক্তি সনদ নং-৪৩০)-কে কালো তালিকাভুক্ত করা হলো।

৩০-১১-২০২৩

প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ

উপ-মহাব্যবস্থাপক


জনাব রিপন মিয়া, স্বত্বাধিকারী, মেসার্স তানবীর
এন্টারপ্রাইজ (তালিকাভুক্তি সনদপত্র নং-৪৩০), সাং-
কুটুমপুর, জামাল মার্কেট, সাহারপাড়, চান্দিনা, কুমিল্লা।

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.০২১.৩৬.০০৪.২১.১৭৪/১(১০)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:

- ১) এমডি এবং সকল ডিভিশনের মহা-ব্যবস্থাপকগণ
- ২) উপ-মহাব্যবস্থাপক , ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৩) উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন ডিপার্টমেন্ট , বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



৩০-১১-২০২৩

প্রকৌ. অম্লান কুমার দত্ত
ব্যবস্থাপক